



# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা।

[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)

পিএবিএক্স - ৯১৪০৩৯৯-৪

ফোন - ৮১১৪৬৫৯

স্মারক নং- বাপউবো/মার্ক/সদা/নীতিনির্ধারণ/২৩/০৮/৫৫

তারিখঃ ১৫/০৭/২০১০খ্রিঃ।

## অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তুবায়নাবীন সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) এর বাস্তুবায়ন কাজ আরও গতিশীল ও ত্বরান্বিত করার লক্ষ্যে ২০/০৬/২০১০ ইং তারিখের নীতি নির্ধারনী কমিটির সিদ্ধান্তক্রমে নিম্নোক্ত আদেশ জারী করা হলোঃ

১। মাঠ সহকারীর চাকুরীচ্যুতি ও চাকুরী থেকে অব্যাহতি : সদর কার্যালয়ের পরিবর্তে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এ আদেশ জারীর পর থেকে সদাবিকের বাস্তুবায়ন নির্দেশিকা ও বিভিন্ন সময় জারীকৃত অফিস আদেশ/সার্কুলার অনুসরণ করে মাঠ সহকারীকে চাকুরীচ্যুত করতে পারবেন বা চাকুরী হতে অব্যাহতির আদেশ দিতে পারবেন।

২। মাঠ সহকারীদের ভ্রমণ ভাতা : সদাবিকের মাঠ সহকারীগণের মাসিক ভ্রমণ ভাতা ৩০০/- (তিনশত) টাকা হতে ৫০০/- (পাঁচশত) টাকায় উন্নীত করা হলো। প্রচলিত নিয়মে মাঠ সহকারীগণ তহবিল সংকুলান সাপেক্ষে জুলাই/২০১০ মাস হতে ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন।

৩। ম্যানেজার প্রশিক্ষণ : সেবামূল্যের ০.৭০ টাকা থেকে বাজেট অনুমোদন ও তহবিল সংকুলান সাপেক্ষে কর্মসূচীর আওতাভুক্ত দলের ম্যানেজারগণের ত্রৈমাসিক ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা যাবে।

৪। ঋণ বিতরণ প্রক্রিয়া সংশোধন : দলে বিতরণকৃত ঋণের ৮০% আদায় হলে উক্ত দলের কার্যকরী কমিটির সিদ্ধান্তক্রমে ১০০% ঋণ পরিশোধকারী সদস্য পুনঃ ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন। খেলাপী ঋণ ০৬ মাসের জন্য রিসিডিউল করে তা আদায় নিশ্চিত করতে হবে।

  
মুহঃ আবুল হসিন  
পরিচালক (সরেজমিন)  
ফোন : ৮১১৪৬৫৯

স্মারক নং- বাপউবো/মার্ক/সদা/নীতিনির্ধারণ/২৩/০৮/৫৫

তারিখঃ ১৫/০৭/২০১০খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো :-

- (১) উপপরিচালক, বিআরডিবি, .....। অফিস আদেশের অনুলিপি উপজেলা কার্যালয়ে প্রেরণ করতঃ তা বাস্তুবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।
- (২) পরিচালক .....বিআরডিবি, ঢাকা (সকল)।
- (৩) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- (৪) অফিস কপি।

  
এস এম সৌহেল উদ্দিন  
যুগ্ম পরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)  
ফোন : ৯১১৩৫৫৬